“মূর্তি ও তোমাদের বাপ-দাদার নামে কসম কর না”।

আব্দুর রহমান ইবন সামুরাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “মূর্তি ও তোমাদের বাপ-দাদার নামে কসম কর না”।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ”তাওয়াগী”র নামে শপথ করা থেকে নিষেধ করেছেন, ”তাওয়াগী” হলো ”তাগিয়্যাহ” শব্দের বহুবচন। এগুলো সেসব মূর্তি মুশরিকরা আল্লাহ ছাড়া যার ইবাদত করতো। এগুলো তাদের সীমালঙ্ঘন ও কুফরির কারণ ছিল। তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বাপ-দাদার নামে শপথ করা থেকে নিষেধ করেছেন। কারণ, প্রাক-ইসলামী যুগে গর্ব ও শ্রদ্ধার বশবর্তী হয়ে বাপ-দাদার নামে শপথ করা আরবদের রীতি ছিল।

http://www.sunnah.global/hadeeth/bn/show/8959